

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১১০

১/ বিবিধ

আরবী

عدلت شهادة الزور بالإشراك بالله (ثلاث مرات) ، ثم قرأ: فاجتنبوا الرجس من الأوثان، واجتنبوا قول الزور حنفاء لله غير مشركين به
ضعيف

أخرجه أبو داود (3599) والترمذي (2/49) وابن ماجه (2372) وأحمد (4/321) من طريق محمد بن عبيد: حدثني سفيان - وهو ابن زياد العصفري - عن أبيه عن حبيب بن النعمان الأسدي عن خريم بن فاتك قال: " صلى رسول الله صلى الله عليه وسلم صلاة الصبح، فلما انصرف قام قائماً فقال: ... " فذكره قلت: وهذا إسناده ضعيف فيه علتان: الجهالة، والاضطراب في سنده أما الجهالة، فمن قبل حبيب بن النعمان. قال ابن القطان " لا يعرف "

ومثله الراوي عنه ابن زياد العصفري. قال ابن القطان " مجهول "

وقال الذهبي

" لا يدري من هو؟ عن مثله! " يعني حبيباً

وأما الاضطراب، فإن محمد بن عبيد رواه كما ذكرنا، وخالفه مروان بن معاوية الفزاري فقال: عن سفيان بن زياد عن فاتك بن فضالة عن أيمن بن خريم " أن النبي صلى الله عليه وسلم قام خطيباً ... " الحديث

أخرجه أحمد (4/178 و232 و322) والترمذي (2/48) وقال
هذا حديث غريب، إنما نعرفه من حديث سفيان بن زياد، واختلفوا عليه في رواية هذا
الحديث، ولا نعرف لأيمن بن خريم سماعاً من النبي صلى الله عليه وسلم

ثم ساقه من الطريق الأولى، ثم قال
هذا عندي أصح، وخريم بن فاتك له صحبة
قلت: لكن الراوي عنه مجهول، وكذا الذي بعده كما عرفت، فالحديث ضعيف، وقد
أشار إلى ذلك الترمذي بقوله: "حديث غريب
(تنبيه): قد عرفت مما تقدم أن حبيب بن النعمان والراوي عنه زياد العصفري هما
من رجال أصحاب السنن حاشا للنسائي، ومع ذلك فالأول منهما رمز له الحافظ في
كتابه "التهذيب" و"التقريب" ثم الخزرجي في "الخلاصة" بـ (دق) ففاتهم الرمز له
بـ (ت) أيضاً. والآخر رمزوا به بـ (س) أي النسائي، ففاتهم الرمز له بالثلاثة (د ق ت)،
ثم لا أدري إذا كان الرمز المذكور (س) أرادوا به سننه الكبرى أم الصغرى. والراجح
الأول. والله أعلم

ثم إن محمد بن عبيد الذي رجح روايته الترمذي هو الطنافسي الأحذب ثقة حافظ
احتج به الشيخان، ومثله المخالف له مروان بن معاوية، وليس فيه علة سوى أنه كان
يدلس أسماء الشيوخ، وشيخه في إسناده فاتك بن فضالة مجهول أيضاً

বাংলা

১১১০। মিথ্যা সাক্ষ্য প্রদানকে আল্লাহর সাথে অংশীদার স্থাপনের সমতুল্য করা হয়েছে (তিনি এ কথাটি তিনবার বলেন)। অতঃপর তার সমর্থনে পাঠ করেনঃ "অতএব তোমরা মূর্তির অপবিত্রতা থেকে বেঁচে থাকো এবং বেঁচে থাকো সব ধরনের মিথ্যা কথা থেকে। আল্লাহ তা'আলার প্রতি নিষ্ঠাবান হও, তার সাথে কাউকে শরীক না করে।" (সূরা হাজ্বঃ ৩০-৩১)।

হাদীসটি দুর্বল।

এটিকে আবু দাউদ (৩১২৪), তিরমিযী (২২২৩), ইবনু মাজাহ (২৩৬৩) ও আহমাদ (৪/৩২১) মুহাম্মাদ ইবনু

ওবায়দে সূত্রে সুফইয়ান ইবনু যিয়াদ আল-আসফারী হতে, তিনি তার পিতা হতে, তিনি হাবীব ইবনুন নুমান হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। তাতে দু'টি সমস্যা রয়েছেঃ অজ্ঞতা এবং সনদে ইযতিরাব।

ইবনুল কাত্তান বলেনঃ হাবীব ইবনুন নুমানকে চেনা যায় না। তার থেকে বর্ণনাকারী ইবনু যিয়াদ আল-আসফারীও তার ন্যায়। তার সম্পর্কে ইবনুল কাত্তান বলেনঃ তিনি মাজহুল। হাফিয যাহাবী বলেনঃ তিনি কে জানা যায় না। তার থেকে তার ন্যায় ব্যক্তিই বর্ণনা করেছেন।

সনদেও ইযতিরাব সংঘটিত হয়েছে। মুহাম্মাদ ইবনু ওবায়দেদের বিরোধিতা করে মারওয়ান ইবনু মুয়াবিয়া আল-ফাযারী অন্য ভাষায় বর্ণনা করেছেন। এ ভাষাটি আহমাদ (৪/১৭৮, ২৩২, ৩২২) ও তিরমিযী (২/৪৮) বর্ণনা করেছেন। অতঃপর তিরমিযী বলেনঃ এ হাদীসটি গারীব।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71989>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন